গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

**ভূমি সংস্কার বোর্ডের মার্চ, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ১২ মার্চ, ২০২৬ খ্রিঃ। |
| সভার সময় | বেলা ১১: ০০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন) জনাব শ্রাবণী রায় কে আলোচ্যসূচিসমূহ সভায় উপস্থাপন করার আহ্বান জানালে তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে উপ-ভূমি সংস্কার কমিশনা-২, জনাব মোঃ হেলাল উদ্দিন (৫)/(খ)-এ " ১৯-০২-২০২৬ তারিখে একটি সভা আয়োজন করতে হবে" এর স্থলে "একটি সভা আয়োজন করতে হবে" সংশোধনী প্রস্তাব করেন যা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। আর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর কার্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (১) | বাজেট ও অডিট আপত্তি | ভূমি সংস্কার বোর্ডের অডিট আপত্তিসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উপ-ভূমি সংস্কার কমিশনার-২ সভাকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরের সমস্ত অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। পরবর্তীতে রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক আনীত ২০২২-২৩ অর্থবছরের অডিট আপত্তির জবাব মহাপরিচালক, রাজস্ব অডিট অধিদপ্তর বরাবর ০৪-০৩-২০২৬ তারিখে ৮ নং স্মারকে নিষ্পত্তির জন্য প্রেরণ করা হয়েছে। | ২০২২-২৩ অর্থবছরের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| (২) | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ কর্তৃক মাঠ পর্যায়ের ভূমি অফিসসমূহ পরিদর্শন | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণের ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের পরিদর্শন বিষয়ে আলোচনা হয়। ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণকে ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে প্রমাপ অনুযায়ী পরিদর্শন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাগণকে ও বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে প্রমাপ অনুযায়ী পরিদর্শন করতে হবে। | উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)/ ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| (৩) | ভূমি উন্নয়ন করের সঠিক দাবি নির্ধারণ এবং আদায় | (ক) সভায় ২০২৫-২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ সভাকে জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরের ফেব্রুয়ারি/২০২৬ মাসে সকল (৬৪টি) জেলা প্রশাসকের কার্যালয় হতে ভূমি উন্নয়ন কর (সাধারণ+সংস্থা) এর দাবি ও আদায় সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে। জেলা প্রশাসকের কার্যালয়সমূহ হতে (drms.limslrb.com) Software এর মাধ্যমে অনলাইনে প্রাপ্ত ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়ের সারসংক্ষেপ নিম্নরূপ:<br>১। ভূমি উন্নয়ন করের মোট দাবির পরিমাণ:<br>>সাধারণ<br>ক) বকেয়া = ৪৩৫,৮৯,৩৪,১৫৪ টাকা<br>খ) হাল = ৪৩০,৯৫,৪৩,৯৮৮ টাকা<br>মোট = ৮৬৬,৮৪,৭৮,১৪২ টাকা<br>২। ভূমি উন্নয়ন করের মোট দাবির পরিমাণ:<br>> সংস্থা<br>ক) বকেয়া = ৪৫১,৮৩,২০,৫৮৯ টাকা<br>খ) হাল= ২০৫,১৪,৩০,৭২৪ টাকা<br>মোট= ৬৫৬,৯৭,৫১,৩১৩ টাকা<br>৩। ফেব্রুয়ারি /২০২৬ মাসে ভূমি উন্নয়ন কর আদায়ের পরিমাণ:<br>ক) সাধারণ=৫০,৪৪,০১,৬৭১ টাকা<br>খ) সংস্থা = ৯,৯৯,৪৪,৫২১ টাকা<br>মোট =৬০,৪৩,৪৬,১৯২ টাকা।<br>৪। ২০২৫-২০২৬ অর্থবছরের ফেব্রুয়ারি/২০২৬ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের পুঞ্জিভূত আদায়:<br>ক) সাধারণ ৫৭৫,৯২,২৯,০২১ টাকা<br>খ) সংস্থা = ৬০,৬২,৩৯,৯৯৭ টাকা<br>সর্বমোট পুঞ্জিভূত আদায় (সাধারণ+সংস্থা)=৬৩৬,৫৪,৬৯,০১৮টাকা।<br>৫। ২০২৫-২০২৬ অর্থবছরের ফেব্রুয়ারি/২০২৬ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের (সাধারণ+সংস্থা) সর্বমোট দাবি ১৫২৩,৮২,২৯,৪৫৫ (এক হাজার পাঁচশত তেইশ কোটি বিরাশি লক্ষ উনত্রিশ হাজার চারশত পঞ্চান্ন) টাকা।<br>৬। ২০২৫-২০২৬ অর্থবছরের ফেব্রুয়ারি/২০২৬ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের (সাধারণ+সংস্থা) সর্বমোট আদায় ৬৩৬,৫৪,৬৯,০১৮ (ছয়শত ছত্রিশ কোটি চুয়ান্ন লক্ষ উনসত্তর হাজার আঠার) টাকা। | (ক) ২০২৫-২৬ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় অগ্রগতি এবং গত অর্থবছরের ভূমি উন্নয়ন কর (সাধারণ ও সংস্থা)-এর সঠিক দাবি নির্ধারণ ও আদায় কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে। | (ক)<br>সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) ভূমি উন্নয়ন করের হিসাব পর্যালোচনা করা হলে দেখা যায় যে, DLRMS ও অটোমেশনের অনুমোদিত ভূমি উন্নয়ন করের হিসেবে গরমিল রয়েছে। অটোমেশনের প্রতিনিধি এ ব্যাপারে তাঁর বক্তব্য তুলে ধরেন। তিনি জানান যে, অটোমেশনের ভূমি উন্নয়ন করের হিসাব জমা হওয়ার সাথে সাথে পাওয়া যায়। তবে DLRMS-এর হিসাব ইউনিয়ন ভূমি অফিস হতে সংগ্রহপূর্বক উপজেলা ভূমি অফিস হয়ে জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে ম্যানুয়ালি আপলোড করা হয়। এর ফলে হিসাব পেতে কালক্ষেপন ঘটে থাকে। চেয়ারম্যান মহোদয় DLRMS ও অটোমেশনের হিসেবে গরমিল সমাধানের তাগিদ প্রদান করেন। | (খ) DLRMS ও অটোমেশনের ভূমি উন্নয়ন করের হিসেবে গরমিল সমাধানের উদ্যোগ নিতে হবে। | (খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫/ অটোমেশন প্রকল্প |
| (৪) | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ কার্যক্রম চলমান রাখতে নির্দেশনা প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে নতুন সরকারের ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের প্রোফাইল হালনাগাদ করার বিষয়ে উদ্যোগ নিতে হবে মর্মে আলোচনা হয়। | ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে নতুন সরকারের ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের প্রোফাইল হালনাগাদ করার বিষয়ে উদ্যোগ নিতে হবে। | আইটি শাখা |
| (৫) | বিবিধ | (ক) মাঠ পর্যায়ে মিউটেশন কার্যক্রম বেগবান ও সুষ্ঠুভাবে মনিটরিং করার লক্ষ্যে ADC (Revenue) ও AC (Land) গ্রুপে বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে সংযুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | (ক)ADC (Revenue) ও AC (Land) গ্রুপে বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে সংযুক্ত করতে হবে। | (ক) অটোমেশন প্রকল্প |
| | | (খ) অনলাইনে মিউটেশন কার্যক্রম তদারকি করার জন্য ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাদের অনলাইন মিউটেশন সাইটে এক্সেস প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫ সভাকে জানান যে, এ বিষয়ে গত ০২-০৩-২০২৬ তারিখে ৩১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। | (খ)অনলাইনে মিউটেশন কার্যক্রম তদারকি করার জন্য ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তাদের অনলাইন মিউটেশন সাইটে এক্সেস প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (খ) সহকারী ভূমি সংস্কার কমিশনার-৫/ অটোমেশন প্রকল্প |
| | | (গ) মাঠ পর্যায়ে পরিদর্শনকে আরো অর্থবহ করার লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদনের মান উন্নয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। রাজশাহী, বরিশাল, খুলনা ও ময়মনসিংহ বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে সেরা দুইটি পরিদর্শন প্রতিবেদন নির্বাচন করে ১৬-০৩-২০২৬ তারিখে একটি অনলাইন সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | (গ) রাজশাহী, বরিশাল, খুলনা ও ময়মনসিংহ বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণকে সেরা দুইটি পরিদর্শন প্রতিবেদন নির্বাচন করে ১৬-০৩-২০২৬ তারিখে একটি অনলাইন সভা আয়োজন করতে হবে। | (গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল) |
| | | (ঘ) ঈদুল-ফিতরের পর বর্তমান সরকারের ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় ভূমি সংস্কার বোর্ড পরিদর্শন করবেন মর্মে সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে সার্বিক প্রস্তুতি গ্রহণের জন্য চেয়ারম্যান (সচিব) মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (ঘ) ঈদুল-ফিতরের পর বর্তমান সরকারের ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ভূমি সংস্কার বোর্ড পরিদর্শনের বিষয়ে সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। | (ঘ) উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)/ ভূমি সংস্কার বোর্ডের কর্মকর্তা (সকল) |

আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মাঠ পর্যায়ের ভূমি ব্যবস্থাপনা কার্যক্রম আরো গতিশীল ও জনবান্ধব করার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেন। অতঃপর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫-০৪-২০২৬
এ.জে.এম. সালাহ্ উদ্দিন নাগরী
চেয়ারম্যান
ফোন : ০২৪১০১০৪৪৩
ইমেইল : chairman@lrb.gov.bd

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩১.০২.০০০০.০০০.০১১.০৯.০০০১.২৩.১৪৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
২। প্রকল্প পরিচালক, ভূমি অটোমেশন প্রকল্প, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। উপ-ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল বিভাগ)।
৫। সহকারী ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। ।
৬। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর, ভূমি সংস্কার বোর্ড।
৮। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। এবং
৯। প্রশাসনিক কর্মকর্তা, (সকল)।

০৬-০৪-২০২৬
শ্রাবণী রায়
সহকারী ভূমি সংস্কার কমিশনার